

**বিষয়ঃ উপজেলা আইসিটি কমিটির আগষ্ট/২৫ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি                    জনাব ফাতেহা তুজ জোহরা  
 উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর


সভার তারিখ            ২১ আগষ্ট ২০২৫খ্রি.  
 সভার সময়            ১১:৩০ ঘটিকা  
 স্থান                        উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, চিরিরবন্দর, দিনাজপুর  
 উপস্থিতি                পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভাপতি উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, উপজেলা আইসিটি অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর কে সভা সঞ্চালনার দায়িত্ব প্রদান করেন।

০২। অতঃপর অধ্যকার সভার সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম উপজেলা আইসিটি অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়। সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশ গ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	ওয়েব পোর্টাল হালনাগাদ	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার নির্দেশনা রয়েছে। সকল দপ্তরকে নিজ নিজ পোর্টাল নিয়মিত আপডেট রাখতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রশাসন ও দপ্তর প্রধান(সকল), ইউপি চেয়ারম্যান(সকল)
০২	আইসিটিডি ডিজিটাল ল্যাব	উপজেলা আইসিটি অফিসার জুলাই/২৫ মাসে বিনাকুড়ি উচ্চ বিদ্যালয় এবং হাশিমপুর উচ্চ বিদ্যালয়ে স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাব পরিদর্শন করেছেন এবং বাকি ল্যাবগুলো পরিদর্শনের কার্যক্রম চলমান রয়েছে মর্মে বক্তব্য প্রদান করেন। অএ উপজেলায় অবস্থিত মোট ১৭ টি আইসিটিডি ডিজিটাল ল্যাব রয়েছে। পর্যায়ক্রমে সকল ল্যাব নিয়মিত পরিদর্শন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি অফিসার, প্রতিষ্ঠান প্রধান (ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান) সংশ্লিষ্ট (সকল)।
০৩	উপজেলা সেবা ও তথ্য-প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতাধীন ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের মাধ্যমে চিরিরবন্দর উপজেলায়, উপজেলা সেবা ও তথ্য-প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের কাজ চলমান। উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা সেবা ও তথ্য-প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের সকল কাজ সেপ্টেম্বর/২৫ এর প্রথম সপ্তাহের মধ্যে শেষ করার আশাবাদ ব্যক্ত করেন। উপজেলা সেবা ও তথ্য-প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের স্পেসিফিকেশন (বি, ও কিউ) অনুযায়ী সকল কাজ উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কমিটি কে বুঝে নেওয়ার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
০৪	সাইবার সিকিউরিটি ও সামাজিক যোগাযোগ মাধ্যম	সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সরকারি নীতিমালা অনুসরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সাইবার সিকিউরিটি অধ্যাদেশ ২০২৫ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সাইবার ক্রাইম/সাইবার প্রতারণার বিষয়ে সকলকে সতর্ক করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 ফাতেহা তুজ জোহরা  
 উপজেলা নির্বাহী অফিসার  
 ও  
 সভাপতি, উপজেলা আইসিটি কমিটি  
 চিরিরবন্দর, দিনাজপুর


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর  
www.doict.chirirbandar.gov.bd

স্মারক নং-৫৬.০৪.২৭৩০.০০০.০৬.০০১.২৪.৪০/১(৪)

তারিখঃ ২১ আগস্ট ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
- ৩। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর।
- ৪। .....সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি, চিরিরবন্দর, দিনাজপুর।

  
(মোঃ মাইদুল ইসলাম)  
উপজেলা আইসিটি অফিসার  
ও

সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি  
চিরিরবন্দর, দিনাজপুর।  
মোবাইল: 01743690824